# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

### Daily Live Exam International Affairs-04

### MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

World Bank আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে কবে?

A ১৯৪৩

B ১৯৪৪

C ১৯৪৫

D ১৯৪৬ ✔

**Solution:**
World Bank প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে এবং আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ২৫ জুন, ১৯৪৬ সালে। ওয়ার্ল্ড ব্যাংকের প্রকৃত নাম 'International Bank for Reconstruction and Development (IBRD)'। এর বর্তমান সদস্য সংখ্যা ১৮৯। এর সদর দপ্তর ওয়াশিংটন ডি.সি (যুক্তরাষ্ট্র। World Bank পাঁচটি অঙ্গসংগঠনের সমন্বয়ে গঠিত। এর অঙ্গ সংগঠনগুলো হলো- ১. IBRD, ২. IDA, ৩. IFC, ৪. ICSID, ৫. MIGA. এদের সবগুলোর কার্যালয় ওয়াশিংটন ডিসিতে (যুক্তরাষ্ট্র) অবস্থিত।

Question 2

আন্তর্জাতিক বাণিজ্যবিরোধ নিরসনে মধ্যস্থতা করে নিচের কোন সংস্থাটি?

A ICSID ✔

B MIGA

C IDA

D IFC

**Solution:**
ICSID প্রতিষ্ঠিত হয় ১৪ অক্টোবর, ১৯৬৬। এর সদস্য সংখ্যা ১৫৮ (সর্বশেষ সদস্য অ্যাঙ্গোলা)। এ সংস্থা আন্তর্জাতিক বাণিজ্যবিরোধ নিরসনে মধ্যস্থতা করে।

Question 3

আন্তর্জাতিক মুদ্রা তহবিলের বর্তমান সদস্য দেশ কতটি?

A ১৮৯টি

B ১৯০টি ✔

C ১৯১টি

D ১৯২টি

**Solution:**
IMF এর পূর্ণ রূপ International Monetary Fund. এটি ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৭ সালে এর কার্যক্রম শুরু হয়। IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি। এর বর্তমান সদস্য দেশ ১৯১টি এবং সর্বশেষ সদস্য লিচেনস্টাইন। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)। SDR সুবিধা প্রবর্তনের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়। আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থাপনা এবং মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখাই IMF এর কাজ। Global Financial Stability Report প্রকাশ করে IMF। এটি নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরানোর জন্য ঋণ দেয় এবং বৈদেশিক বাণিজ্যের ভারসাম্যহীনতা হ্রাস করে ।

Question 4

ওপেকভুক্ত অ-আরব মুসলিম দেশ কোনটি?

A ইরান ✔

B মালয়েশিয়া

C ইরাক

D কোনটিই নয়

**Solution:**
ওপেক (OPEC) ভুক্ত অ-আরব মুসলিম দেশ ইরান। ওপেক ১৪ সেপ্টেম্বর, ১৯৬০ সালে গঠিত হয়। প্রতিষ্ঠাকালীন এ সংস্থার সদর দপ্তর ছিল সুইজারল্যান্ডের জেনেভায়। বর্তমানে এর সদর দপ্তর অস্ট্রিয়ার ভিয়েনায়।

Question 5

GATT কখন WTO তে রূপান্তরিত হয়?

A ১৯৯৩ সালে

B ১৯৯৫ সালে ✔

C ১৯৯৬ সালে

D ১৯৯৭ সালে

**Solution:**
GATT, WTO- তে রুপান্তরিত হয় ১৯৯৫ সালে।
বিশ্ব বাণিজ্য সংস্থা (ইংরেজি World Trade Organization ওয়ার্ল্ড ট্রেড অর্গানাইজেশন) একটি আন্তর্জাতিক সংস্থা, যা বিশ্বের বাণিজ্য সংক্রান্ত নীতি প্রবর্তন এবং সদস্য রাষ্ট্র বা পক্ষ সমূহের মধ্যকার মতপার্থক্য দূর করতে সাহায্য করে থাকে। বিশ্ব বাণিজ্য সংস্থার সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভা শহরে অবস্থিত। বিশ্ব বাণিজ্য সংস্থা ১৯৯৫ সালে প্রতিষ্ঠিত হয়।

Question 6

ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায় অবস্থিত?

A ব্রাসেলস ✔

B লন্ডন

C রোম

D প্যারিস

**Solution:**
ইউরোপীয় ইউনিয়ন (EU) ১৯৯৩ সালের ১ নভেম্বর ম্যাসট্রিক্ট চুক্তির মাধ্যমে প্রতিষ্ঠিত হয়। এর পূর্বনাম ছিল ইউরোপীয় কমিশন (EC)। এর সদর দপ্তর বেলজিয়ামের ব্রাসেলসে। অন্যদিকে লন্ডনে কমনওয়েলথ, অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল, রোমে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (IFAD), বিশ্ব খাদ্য কর্মসূচি এবং প্যারিসে ইউনেস্কো (UNESCO), ওইসিডি (OECD), ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স এর সদর দপ্তর অবস্থিত।

Question 7

ব্রেক্সিট কোন সংস্থার সাথে সম্পর্কযুক্ত?

A EEC

B Commonwealth

C EC

D EU ✔

**Solution:**

Brexit হলো Britain Exit এর সংক্ষিপ্ত রূপ। চার দশকের সম্পর্ক ছিন্ন করে ২৮ জাতির অর্থনৈতিক জোট ইউরোপীয় ইউনিয়নের (EU) থেকে বের হয়ে নতুন পথে হাঁটার প্রশ্নে যুক্তরাজ্যের গৃহীত গণভোটের ফলাফলকে বাস্তবায়িত করার পদক্ষেপকে আন্তর্জাতিক গণমাধ্যম সংক্ষেপে Brexit নামে অভিহিত করে। EU গঠনের পর ব্রিটেনই সংস্থাটির প্রথম দেশ, যারা এ জোট থেকে বেরিয়ে যাচ্ছে। ২৩ জুন, ২০১৬ তারিখে ব্রেক্সিট প্রশ্নে গণভোট অনুষ্ঠিত হয় এবং একটি জটিল ও সময়সাপেক্ষ প্রক্রিয়ার মাধ্যমে ও ৩ জন প্রধানমন্ত্রীর হাত ঘুরে ৩১ জানুয়ারি, ২০২০ তারিখে ব্রেক্সিট কার্যকর হয়।

Question 8

BRICS এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় কত সালে?

A ২০০৯ সালে ✔

B ২০০৮ সালে

C ২০১০ সালে

D ২০১১ সালে

**Solution:**

ব্রিকস (BRICS) এর যাত্রা শুরু হয় ২০০৬ সালে। এটি ব্রাজিল (Brazil), রাশিয়া (Russia), ভারত (India), চীন (China) ও দক্ষিণ আফ্রিকা (South Africa) এই পাঁচটি দেশের ইংরেজি আদ্যক্ষর নিয়ে গঠিত সংস্থা। এর পূর্ব নাম ব্রিক (BRIC) । এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয় ১৬ জুন, ২০০৯ সালে ইকাতেরিনবার্গ, রাশিয়ায়।

Question 9

জি-৭ এর কততম সম্মেলন চীনের আগ্রাসন রোধে B3W পরিকল্পনা গ্রহণ করা হয়?

A ৪৭তম ✔

B ৪৬তম

C ৪৫তম

D ৪৪তম

**Solution:**

G-7 এর পূর্ণরূপ Group of Seven. এটি প্রতিষ্ঠিত হয় ১৫ নভেম্বর, ১৯৭৫ সালে। এটি হলো আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের প্রধান সাতটি উন্নত অর্থনীতির দেশ নিয়ে গঠিত একটি অর্থনৈতিক সংস্থা। এর সদস্য দেশসমূহের নাম যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, জাপান, জার্মানি, ফ্রান্স, ইতালি এবং কানাডা। ১৯৯৮ সালে এর সদস্য সংখ্যা হয় ৮ এবং এটি জি-৮ নামে পরিচিতি লাভ করে। ২০১৪ সালে রাশিয়া ক্রিমিয়া অধিকার করলে রাশিয়াকে জি-৮ থেকে বহিষ্কার করা হয় এবং এর নাম হয় জি-৭। এর একমাত্র এশীয় দেশের নাম জাপান। চীন পৃথিবীর ২য় বৃহত্তম শীর্ষ ধনী দেশ অথচ G-7 ভুক্ত নয়। ১১-১৩ জুন, ২০২১ সালে ৪৭তম সম্মেলন অনুষ্ঠিত হয় ইংল্যান্ডের কর্নওয়ালে। এই সম্মেলনে চীনের আগ্রাসন রোধে জি – ৭ এর নেতৃবৃন্দ Build Back Better World (B3W) পরিকল্পনা গ্রহণ করেন।

Question 10

BRICS এর সাথে তুলনীয় আন্তর্জাতিক প্রতিষ্ঠান কোনটি?

A IDA

B IMF ✔

C WB

D ADB

**Solution:**
BRICS হলো পাঁচটি গুরুত্বপূর্ণ রাষ্ট্রের: ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ আফ্রিকা, আদ্যক্ষরের সমন্বয়ে নামকরণকৃত উদীয়মান জাতীয় অর্থনীতির একটি সংঘ। মূলত ২০১০ সালে দক্ষিণ আফ্রিকা অর্ন্তভুক্ত হবার পূর্বে এই সংঘ " BRIC" নামে পরিচিত ছিল।
আন্তর্জাতিক মুদ্রা তহবিল বা আইএমএফ (ইংরেজি: International Monetary Fund, IMF) জাতিসংঘ কর্তৃক অনুমোদিত স্বায়ত্তশাসিত আর্থিক প্রতিষ্ঠান। বিভিন্ন দেশের মুদ্রামানের হ্রাস-বৃদ্ধি পর্যবেক্ষণ করা এর প্রধান কাজ। এই সংস্থার কার্যক্রম শুরু হয় ১৯৪৭ সালে। প্রতিষ্ঠাকালীন সময়ে ২৯টি দেশ চুক্তিতে উপনীত হয়েছিল। এর সদর দপ্তর মার্কিন যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন, ডি.সি. শহরে অবস্থিত। বিভিন্ন দেশের মুদ্রানীতি এবং মুদ্রামানের হ্রাস-বৃদ্ধি পর্যবেক্ষণ করা এই আন্তজার্তিক সংস্থাটির অন্যতম প্রধান কাজ।

Question 11

ECO (Economic Cooperation Organization) এর প্রতিষ্ঠাতা সদস্য নয় কোনটি?

A ইরান

B পাকিস্তান

C তুরস্ক

D আফগানিস্তান ✔

**Solution:**
ECO এর পূর্ণরূপ Economic Cooperation Organization. এটি প্রতিষ্ঠিত হয় ১৯৮৫ সালে। এর সদর দপ্তর অবস্থিত তেহরানে (ইরান)। এটি পূর্বতন সংগঠন Regional Co-Operation for Development (RCD). যেটি প্রতিষ্ঠিত হয়েছিল ১৯৬৪ সালে। এর প্রতিষ্ঠাতা সদস্য ৩টি (ইরান, পাকিস্তান, তুরস্ক)। বর্তমান সদস্য : ১০টি। এর সবগুলো সদস্যই ওআইসির সদস্য। সদস্য রাষ্ট্রগুলো হলো ইরান, পাকিস্তান, তুরস্ক, আফগানিস্তান, কিরগিজস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান, কাজাখস্তান, আজারবাইজান ও তাজিকিস্তান।

Question 12

World Economic Forum প্রতিষ্ঠিত হয় কত সালে?

A ১৯৬৬ সালে

B ১৯৬৯ সালে

C ১৯৭০ সালে

D ১৯৭১ সালে ✔

**Solution:**
WEF এর পূর্ণরূপ World Economic Forum. এটি প্রতিষ্ঠিত হয় জানুয়ারি ১৯৭১ সালে। এর সদর দপ্তর কলোগ্নি, সুইজারল্যান্ড। এর শ্লোগান হলো 'বিশ্ব রাষ্ট্রের উন্নতি করতে প্রতিশ্রুতিবদ্ধ'।

Question 13

নিচের কোনটি তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন?

A UN

B APEC

C EU

D OPEC ✔

**Solution:**
OPEC হচ্ছে বিশ্বের তেল রপ্তানিকারক দেশগুলোর সংগঠন। এই সংস্থাটি বিশ্ববাজারে অপরিশোধিত তেলের বাজার নিয়ন্ত্রণ করে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। বর্তমান সদস্য ১২ টি।

Question 14

নিচের কোন দেশটি D-8 এর সদস্য নয়?

A তুরস্ক

B মিশর

C বাংলাদেশ

D মিয়ানমার ✔

**Solution:**
D-8 এর পূর্ণরূপ Developing-8 বা উন্নয়নাশীল-৮। এটি একটি অর্থনৈতিক জোট। D-8 ১৯৯৭ সালের ১৫ জুন প্রতিষ্ঠিত হয়। এর সদস্য দেশ ৯টি। যথা- তুরস্ক, ইরান, পাকিস্তান, মিশর, নাইজেরিয়া, বাংলাদেশ, ইন্দোনেশিয়া, মালেয়েশিয়া ও আজারবাইজান। এর সদর দপ্তর তুরস্কের ইস্তাম্বুলে অবস্থিত। প্রতি ২ বছর পর পর এর শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হয়।

Question 15

সর্বপ্রথম কোথায় OPEC এর সদর দপ্তর স্থাপিত হয়?

A জেনেভা ✔

B ভিয়েনা

C জেদ্দা

D বাগদাদ

**Solution:**
১৪ সেপ্টেম্বর, ১৯৬০ সালে (Organization of the Petroleum Exporting Countries) গঠিত হয়। প্রতিষ্ঠাকলীন এ সংস্থার সদর দপ্তর ছিল সুইজারল্যান্ডের জেনেভায়। পরবর্তীতে ১৯৬৫ সালে সদর দপ্তর স্থানান্তরিত হয় অস্ট্রিয়ার ভিয়েনায়।

Question 16

World Bank এর বর্তমান সদস্য দেশ কতটি?

A ১৯০টি

B ১৯৩টি

C ১৮৯টি ✔

D ১৯৪টি

**Solution:**
World Bank প্রতিষ্ঠিত হয় ১৯৪৪ সালে এবং আনুষ্ঠানিকভাবে কার্যক্রম শুরু করে ২৫ জুন, ১৯৪৬ সালে। ওয়ার্ল্ড ব্যাংকের প্রকৃত নাম ‘International Bank for Reconstruction and Development (IBRD)’। এর বর্তমান সদস্য সংখ্যা ১৮৯। এর সদর দপ্তর ওয়াশিংটন ডি.সি (যুক্তরাষ্ট্র)। World Bank পাঁচটি অঙ্গসংগঠনের সমন্বয়ে গঠিত। এর অঙ্গ সংগঠনগুলো হলো- ১. IBRD, ২. IDA, ৩. IFC, ৪. ICSID, ৫. MIGA. এদের সবগুলোর কার্যালয় ওয়াশিংটন ডিসিতে (যুক্তরাষ্ট্র) অবস্থিত।

Question 17

বিশ্বব্যাংক সদস্যদেশকে তার অংশীদারের কত শতাংশ ঋণ প্রদান করে?

A ২৫%

B ২০% ✔

C ৩০%

D ৫০%

**Solution:**
বিশ্বব্যাংকের মূল কার্যক্রম পরিচালনা করে IBRD। সদস্যদেশকে কারিগরি সহায়তা দিতে প্রতিষ্ঠা করেছে Economic Development Institute, সদস্যদেশকে তার অংশীদারের ২০% পর্যন্ত ঋণ প্রদান করে। এছাড়াও বাণিজ্য ভারসাম্য নিয়ে কাজ করে।

Question 18

IDA স্বল্পোন্নত দেশগুলোকে কোন জাতীয় ঋণ প্রদান করে থাকে?

A মাইক্রোক্রেডিট

B সফট্ লোন ✔

C বাণিজ্যিক ঋণ

D পণ্য সাহায্য

**Solution:**
IDA প্রতিষ্ঠিত হয় ২৪ সেপ্টেম্বর, ১৯৬০ সালে। এর সদস্য সংখ্যা ১৭৫ (সর্বশেষ সুরিনাম, ১৮ অক্টোবর, ২০২৪)। এ সংস্থা অতি দরিদ্র দেশগুলোকে বিনা সুদে ঋণ প্রদান করে থাকে। তাই একে SOFT LOAN WINDOW বলে ।

Question 19

ইসলামী উন্নয়ন ব্যাংক (IDB) এর কার্যক্রম শুরু হয়-

A ১৯৭৫ সালে ✔

B ১৯৮০ সালে

C ১৯৭০ সালে

D ১৯৮৫ সালে

**Solution:**
IDB-এর পূর্ণরূপ Islamic Development Bank. এটি প্রতিষ্ঠিত হয় ১৯৭৫ সালে এবং কার্যক্রম শুরু হয় ২০ অক্টোবর, ১৯৭৫ সালে। এর আর্থিক লেনদেন শুরু হয় জানুয়ারি ১৯৭৬ সালে। এর সদর দপ্তর জেদ্দায় (সৌদি আরব) অবস্থিত। এর প্রতিষ্ঠাকালীন সদস্য ২২; বর্তমান সদস্য ৫৭।

Question 20

ব্রেটন উডস সম্মেলনে কয়টি আন্তর্জাতিক সংস্থা গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়?

A ২টি

B ৩টি ✓

C ৪টি

D ৫টি

**Solution:**
১৯৪৪ সালে যুক্তরাষ্ট্রের নিউ হ্যাম্পশায়ার এর ব্রেটন উডস শহরে এই সম্মেলন অনুষ্ঠিত হয়। ১৯৪৪ সালের ১ থেকে ২২ জুলাই পর্যন্ত এ সম্মেলনে বিশ্বের ৪৪টি দেশের ৭৩০ জন প্রতিনিধি অংশ নেন।
সম্মেলনে এ মর্মে প্রস্তাব গৃহীত হয় যে, উক্ত বিষয়গুলোর প্রয়োগকল্পে সঠিক কাঠামো নির্মাণের উদ্দেশ্যে ৩ টি আন্তর্জাতিক সংস্থা গঠন করা যুক্তিযুক্ত হবে। প্রস্তাবিত ৩টি বহুজাতিক সংস্থাগুলো হলো বিশ্বব্যাংক (IBRD), আন্তর্জাতিক মুদ্রা তহবিল (IMF), আন্তর্জাতিক বাণিজ্য সংস্থা (ITO)।

Question 21

ইউরোপীয় ইউনিয়নের প্রথম নারী প্রেসিডেন্ট কে?

A উরসুলা ভন ডার লিয়েন ✓

B এঞ্জেলা মার্কেল

C কমলা হ্যারিস

D ক্রিস্টিন লাগার্দ

**Solution:**
ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এর প্রথম নারী প্রেসিডেন্ট জার্মানির ক্ষমতাসীন ক্রিস্টিয়ান ডেমোক্রেটিক ইউনিয়নের রাজনীতিবিদ ও প্রতিরক্ষামন্ত্রী উরসুলা ভন ডার লিয়েন।

Question 22

EFTA এর বর্তমান সদস্য কয়টি?

A ৩টি

B ৪টি ✓

C ৫টি

D ৬টি

**Solution:**
EFTA এর পূর্ণরূপ European Free Trade Association. এটি প্রতিষ্ঠিত হয় মে, ১৯৬০ সালে। এর সদর দপ্তর জেনেভা (সুইজারল্যান্ড)। এর প্রতিষ্ঠাতা সদস্য রাষ্ট্র ৬টি। এর সহযোগী রাষ্ট্র ১টি। এর বর্তমান সদস্য ৪টি (আইসল্যান্ড, নরওয়ে, লিচেনস্টাইন, সুইজারল্যান্ড)।

Question 23

গিল্ডার কোন দেশের সাবেক মুদ্রার নাম?

A নরওয়ে

B নেদারল্যান্ড ✓

C রুমানিয়া

D গ্রিস

**Solution:**
নেদারল্যান্ডের সাবেক মুদ্রার নাম গিল্ডার। ১ জানুয়ারি, ১৯৯৯ ইউরোপে একক মুদ্রা ইউরো চালু হলেও পাশাপাশি গিল্ডার চালু থাকে। তবে ১ জুলাই, ২০০২ সালে স্থানীয় মুদ্রা সরকারিভাবে বিলুপ্ত হলে গিল্ডারও বিলুপ্ত হয় এবং ইউরো নেদারল্যান্ডের একক মুদ্রা হিসাবে চালু হয়।

Question 24

নিচের কোন দেশটি G-7 এর সদস্য নয়?

A কানাডা

B ইতালি

C সুইডেন ✓

D জাপান

**Solution:**
Group of Seven (G-7) এর সদস্য দেশ নয় সুইডেন। এর সদস্য দেশগুলো হলো- জাপান, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র। ইউরোপীয় ইউনিয়ন ও জি-৭ এ প্রতিনিধিত্ব করে। এই সাতটি দেশ হচ্ছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের সাতটি মূল উন্নত অর্থনীতির দেশ।

Question 25

দক্ষিণ কোরিয়ার মুদ্রার নাম কি?

A ইয়েন

B পেসো

C ইউয়ান

D ওন ✔

**Solution:**
ইয়েন জাপানের মুদ্রার নাম। আর্জেন্টিনা, কিউবা, মেক্সিকোর মুদ্রার নাম পেসো। চীনের মুদ্রার নাম ইউয়ান। দক্ষিণ কোরিয়ার মুদ্রার নাম ওন।

Question 26

বাংলাদেশ AIIB (Asian Infrastructure Investment Bank) এর সদস্য পদ লাভ করে কত সালে?

A ২০১২ সালে

B ২০১৩ সালে

C ২০১৪ সালে ✔

D ২০১৬ সালে

**Solution:**
AIIB – এর Asian Infrastructure Investment Bank. এটি প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর, ২০১৪ সালে এবং কার্যক্রম শুরু হয় ১৬ জানুয়ারি, ২০১৬ সালে। এর সদর দপ্তর বেইজিং (চীন)। এর উদ্যোক্তা চীন (২০১৪ সালে)। AIIB এর প্রতিষ্ঠাতা সদস্য দেশ ৫৭টি। বাংলাদেশ সদস্য পদ লাভ করে ২৪ অক্টোবর, ২০১৪ (প্রতিষ্ঠাকালীন)। বর্তমান প্রেসিডেন্ট জিন লিকুন। এর বর্তমান সদস্য সংখ্যা – ১১০ টি (সর্বশেষ নাউরু)।

Question 27

WEF এর পূর্ণরূপ কী?

A World Economic Fund

B World Epidemic Form

C World Economic Forum ✔

D World Emergency Forum

**Solution:**
WEF এর পূর্ণরূপ World Economic Forum. এটি প্রতিষ্ঠিত হয় জানুয়ারি ১৯৭১ সালে। এর সদর দপ্তর কলোগ্নি, সুইজারল্যান্ড। এর শ্লোগান হলো 'বিশ্ব রাষ্ট্রের উন্নতি করতে প্রতিশ্রুতিবদ্ধ'।

Question 28

IFC নিচের কোনটির অঙ্গ সংস্থা?

A FBI

B World Bank ✔

C IMF

D UNICEF

**Solution:**
IFC- এর পূর্ণরূপ International Finance Corporation. এটি বিশ্বব্যাংক গ্রুপের ৫টি অঙ্গ সংস্থার একটি। এটি প্রতিষ্ঠিত হয় ২০ জুলাই, ১৯৫৬ সালে এবং এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে।

Question 29

G-7 কত সালে প্রতিষ্ঠিত হয়?

A ১৯৭৪

B ১৯৭৫ ✔

C ১৯৭৬

D ১৯৭৭

**Solution:**
Group of Seven (G-7) ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত হয়। এর সদস্য দেশগুলো হলো- জাপান, কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, যুক্তরাজ্য এবং যুক্তরাষ্ট্র। এই সাতটি দেশ হচ্ছে আন্তর্জাতিক মুদ্রা তহবিল স্বীকৃত বিশ্বের সাতটি মূল উন্নত অর্থনীতির দেশ।

Question 30

IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক কোনটি?

A SPR

B MDR

C SDR ✔

D MPR

**Solution:**
IMF এর পূর্ণরূপ International Monetary Fund. এটি ১৯৪৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং ১৯৪৭ সালে এর কার্যক্রম শুরু হয়। IMF এর সদর দপ্তর যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসি। এর বর্তমান সদস্য দেশ ১৯১টি এবং সর্বশেষ সদস্য লিচেনস্টাইন। IMF এর রিজার্ভ সম্পদের আর্থিক একক SDR (Special Drawing Rights)। SDR সুবিধা প্রবর্তনের জন্য ১৯৬৯ সালে IMF এর গঠনতন্ত্র সংশোধন করা হয়। আন্তর্জাতিক আর্থিক ব্যবস্থাপনা এবং মুদ্রা বিনিময় হার স্থিতিশীল রাখাই IMF এর কাজ। Global Financial Stability Report প্রকাশ করে IMF। এটি নেতিবাচক ট্রেড ব্যালেন্স শোধরানোর জন্য ঋণ দেয় এবং বৈদেশিক বাণিজ্যের ভারসাম্যহীনতা হ্রাস করে ।

Back